গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালকিনি, মাদারীপুর
www.kalkini.madaripur.gov.bd

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪৩০ / ২৭ নভেম্বর, ২০২৩

স্মারক সংখ্যা : ০৫.৪১.৫৪৪০.০০০.০২.০০১.২৩-৮৩২

বিষয় : আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পন্নকরণ সম্পর্কিত গণবিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়,মাদারীপুর জুডিশিয়াল মুন্সিখানা শাখার ১৬-১১-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪১.৫৪০০.১২৩.১০.০০৪.১২-৬২০ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কালকিনি উপজেলায় ১৭ ডিসেম্বর হতে ২১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন কার্যক্রমের গণবিজ্ঞপ্তিটি তাঁর এলাকার গুরুত্বপূর্ণ স্থানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা

২৭/১১/২০২৩
(উত্তম কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর
ফোন : ০২-৪৭৮৮১২৪০১
মোবা: ০১৭৩৩-৩৫১৪২৩
unokalkini@gmail.com

১। অফিসার ইনচার্জ,কালকিনি থানা
২। উপজেলা সকল অফিসার ,কালকিনি,মাদারীপুর
৩। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ
কালকিনি,মাদারীপুর

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪৩০ / ২৭ নভেম্বর, ২০২৩

স্মারক সংখ্যা : ০৫.৪১.৫৪৪০.০০০.০২.০০১.২৩-

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, মাদারীপুর
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,কালকিনি,মাদারীপুর
৩। মেয়র, কালকিনি পৌরসভা
৪। অফিস কপি

২৭/১১/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
**www.madaripur.gov.bd**

নম্বর : ০৫.৪১.৫৪০০.১২৩.১০.০০৪.২২-৮২০

০১ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ : --------------------
১৮ নভেম্বর ২০২৩

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা মাদারীপুর জেলার সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ৩১(ক) অনুচ্ছেদ অনুযায়ী, ২০২৪ সালের জন্য আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী আগামী ০১ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত নবায়ন করা হবে। লাইসেন্সধারীগণকে তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি এবং ১৫% ভ্যাট নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লি:, মাদারীপুর এর যে কোন শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি, লাইসেন্স এর মূলকপি, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমা রশিদ) নির্ধারিত তারিখ, সময় ও স্থানে নবায়নের লক্ষ্যে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট লাইসেন্সধারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত কর্মসূচী প্রণয়ন করা হলো। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর এর পক্ষে সহকারী কমিশনার, জুডিশিয়াল মুন্সিখানা শাখা/ছুটিকালীন প্রতিকল্প কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরকে লাইসেন্স নবায়ন করার ক্ষমতা প্রদান করা হলো।

### ২০২৪ সালের জন্য নবায়ন ফি

| ক্রমিক নম্বর | আগ্নেয়াস্ত্রের ধরণ | নবায়ন ফি | নবায়ন ফি এর উপর প্রদেয় ১৫% ভ্যাট | লাইসেন্স ফি জমা প্রদানের কোড নম্বর | ভ্যাট জমা প্রদানের কোড নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১। | পিস্তল/রিভলবার | ১০,০০০/- | ১,৫০০/- | ১-২২১১-০০০০-১৮৫৯ | ১-১১৩৩-০০০১-০৩১১ |
| ০২। | রাইফেল/শটগান/বন্দুক | ৫,০০০/- | ৭৫০/- | | |
| ০৩। | প্রতিষ্ঠান পর্যায়ে (লং ব্যারেল) | ১০,০০০/- | ১,৫০০/- | | |
| ০৪। | আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে (লং ব্যারেল) | ৫,০০০/- | ৭৫০/- | | |

### লাইসেন্স নবায়নের তারিখ, সময় ও স্থান

| নবায়নকারী কর্মকর্তার নাম ও পদবী | তারিখ ও সময় | উপজেলার নাম | লাইসেন্স নবায়নের স্থান |
|---|---|---|---|
| জনাব এস. এম. ফুয়াদ, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর | ০৩ ডিসেম্বর হতে ০৭ ডিসেম্বর, ২০২৩ সকাল ১০:০০ টা-বিকাল ০৪:০০ টা | মাদারীপুর সদর | জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর। |
| | ১০ ডিসেম্বর হতে ১৪ ডিসেম্বর, ২০২৩ সকাল ১০:০০ টা-বিকাল ০৪:০০ টা | শিবচর | |
| | ১৭ ডিসেম্বর হতে ২১ ডিসেম্বর, ২০২৩ সকাল ১০:০০ টা-বিকাল ০৪:০০ টা | (কালকিনি/রাজৈর/ডাসার) | |

০৩। সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নবায়ন না করার সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে।

০৪। আবেদন সন্তোষজনক বিবেচিত হলে পুন: লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে।

০৫। লাইসেন্স নবায়নের সময়ে লাইসেন্সধারীদের সংশ্লিষ্ট লাইসেন্সের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে আসতে হবে।

১৬/১১/২৩


মোহাম্মদ মারুফুর রশিদ খান
জেলা ম্যাজিস্ট্রেট
মাদারীপুর।
ফোন : +৮৮০২৪৭৮৮১০৭৭৭
dcmadaripur@mopa.gov.bd


নম্বর : ০৫.৪১.৫৪০০.১২৩.১০.০০৪.২২-৮২০

০১ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ : --------------------
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩. জেলা ম্যাজিস্ট্রেট -----------------------------------------------------(সকল)।
০৪. পুলিশ সুপার, মাদারীপুর।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসটি/উন্নয়ন ও মানব সম্পদ)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/কালকিনি/শিবচর/রাজৈর, মাদারীপুর (স্ব -স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর/কালকিনি/শিবচর/রাজৈর/ডাসার, মাদারীপুর (স্ব -স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৮. মেয়র, মাদারীপুর/কালকিনি/শিবচর/রাজৈর পৌরসভা, মাদারীপুর (স্ব-স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৯. সহকারী কমিশনার, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
১০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, মাদারীপুর এর ওয়েব পোর্টাল ও ফেসবুক (Facebook) পেজে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১১. জেলা তথ্য অফিসার, মাদারীপুর (বিজ্ঞপ্তিটি মাদারীপুর জেলার অধিক্ষেত্রে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২. অফিসার ইন-চার্জ, মাদারীপুর সদর/কালকিনি/শিবচর/রাজৈর/ডাসার থানা, মাদারীপুর (তাঁর থানাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে আগ্নেয়াস্ত্র, মূল লাইসেন্স ও অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট লাইসেন্সের ফটোকপি, এনআইডি কার্ডের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ০২ কপি ছবিসহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিজ নিজ লাইসেন্স নবায়ন করার বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৩. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক -------------------------------------------------- ব্যাংক লি: (তার আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৪. অফিস কপি।

১৬/১১/২৩

জেলা ম্যাজিস্ট্রেট
মাদারীপুর।